

## 171211 - ওয়ুর সময় নারীদের মাথা মাসেহ করার পদ্ধতি

### প্রশ্ন

ওয়ুর সময় নারীদের মাথা মাসেহ করার পদ্ধতি কী?

### প্রিয় উত্তর

ওয়ুর সময় নারীদের ও যে পুরুষদের মাথার চুল লম্বা তাদের মাথা মাসেহ করার পদ্ধতি হল যা রুবাই বিনতে মুআওয়িয় (রাঃ) থেকে বর্ণিত হাদিসে এসেছে। যে হাদিসটি ইমাম আহমাদ (২৬৪৮৪) ও আবু দাউদ (১২৮) তার থেকে সংকলন করেছেন যে, একবার রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তার কাছে ওয়ু করলেন। তখন তিনি গোটা মাথা মাসেহ করলেন; মাথার উপর থেকে প্রত্যেক পার্শ্বস্থ চুলের শেষ পর্যন্ত; চুলের অবস্থানের কোন পরিবর্তন না করে।[আলবানী ‘সহিহ আবি দাউদ’ গ্রন্থে হাদিসটিকে হাসান বলেছেন]

ইরাকী বলেন: “হাদিসের মর্ম হচ্ছে— মাথার উপর থেকে মাসেহ শুরু করে মাথার নীচ পর্যন্ত মাসেহ করবে। আলাদা আলাদাভাবে মাথার প্রত্যেক পার্শ্ব মাসেহ করবে।”[আওনুল মাবুদ থেকে সংকলিত]

মাথা মাসেহ করার অন্য একটি মশুর পদ্ধতি বর্ণিত আছে। সেটা হল দুই হাত দিয়ে মাথার সম্মুখ ভাগ থেকে পেছনের ভাগ পর্যন্ত মাসেহ করা। এরপর হাতদ্বয় যে স্থান থেকে শুরু করেছে সে স্থানে ফিরিয়ে আনা। তবে এ পদ্ধতিতে চুল ছাড়িয়ে পড়ে ও বিক্ষিপ্ত হয়ে যায়। তাই নারীদের জন্য উত্তম পদ্ধতি হচ্ছে প্রথমটি। কিংবা মাথার সম্মুখ ভাগ থেকে পেছনের ভাগ পর্যন্ত মাসেহ করা; তবে হাতদ্বয় সামনের দিকে পুনরায় ফিরিয়ে না আনা। এটি রুবাই (রাঃ) এর হাদিসের অন্য একটি ব্যাখ্যা। আরও জানতে দেখুন: 45867 নং প্রশ্নোত্তর।

ইবনে কুদামা (রহঃ) ‘আল-মুগনী’ গ্রন্থে (১/৮৭) বলেন: “হাতদ্বয় ফিরিয়ে আনলে চুল এলোমেলো হয়ে যাওয়ার আশংকা করলে হাতদ্বয় ফিরিয়ে আনবে না। ইমাম আহমাদ স্পষ্ট ভাষায় এ কথা বলেছেন। তখন তাকে বলা হল: যার চুল কাঁধ পর্যন্ত সে অযুর সময় কিভাবে মাসেহ করবে? তখন ইমাম আহমাদ তাঁর হাতদ্বয় তাঁর মাথার উপর সামনে থেকে একবার মাসেহ করলেন এবং বললেন: চুল বিক্ষিপ্ত হয়ে যাওয়ার আশংকা করলে এভাবে করবে। অর্থাৎ তিনি মাথার পেছনের অংশ পর্যন্ত মাসেহ করেছেন; পুনরায় হাতদ্বয় ফিরিয়ে আনেনন্নি।” আর কেউ চাইলে রুবাই (রাঃ) থেকে যেভাবে বর্ণিত হয়েছে সেভাবেও মাসেহ করতে পারে। “একবার রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তার কাছে ওয়ু করলেন। তখন তিনি গোটা মাথা মাসেহ করলেন; মাথার সিঁথি থেকে প্রত্যেক পার্শ্বস্থ চুলের শেষ পর্যন্ত; চুলের অবস্থানের কোন পরিবর্তন না করে।”[সুনানে আবু দাউদ] ইমাম আহমাদকে জিজ্ঞেস করা হয়েছিল: নারী কিভাবে মাথা মাসেহ করবে? তখন তিনি বলেন: এভাবে; তিনি তাঁর মাথার মাঝা বরাবর হাত রাখলেন। এরপর হাতকে সামনের দিকে টানলেন। এরপর হাতকে উপরের দিকে তুলে যেখান থেকে শুরু করেছিলেন সেখানে রাখলেন। এরপর

হাতকে পিছনের দিকে টানলেন। যতটুকু অংশ মাসেহ করা ওয়াজিব ততটুকু অংশ মাসেহ করার পর যেভাবে মাসেহ করা হোক না  
কেন জায়ে হবে।”[সমাপ্ত]

আল্লাহই সর্বজ্ঞ।